



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ৬৬

কারাম সমতলে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রাণের উৎসব

--খাদ্যমন্ত্রী

রাজশাহী; ২২ আশ্বিন (০৭ অক্টোবর):

কারাম উৎসব সমতলে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রাণের উৎসব। এ উৎসব বরেন্দ্র অঞ্চলকে মিলন মেলায় পরিণত হয়েছে বলে উল্লেখ করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

আজ শুক্রবার (৭ অক্টোবর) বিকালে সাপাহার উপজেলার মদনশিং সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে কারাম উৎসব ও মিলন মেলা-২০২২ এ প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন।

খাদ্যমন্ত্রী বলেন, কারাম উৎসব আয়োজন নিছক বিনোদনের জন্য করা হয় না। ধর্মীয় আচার-অনুষ্ঠান পালনের পাশাপাশি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষের ভাষা ও সংস্কৃতি রক্ষার বিশেষ উদ্যোগ বলেও উল্লেখ করেন তিনি। আগে ছোট আকারে আয়োজন হলেও এখন ব্যাপক পরিসরে কারাম উৎসব আয়োজন হচ্ছে। আট-দশ বছর আগেও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অবস্থা এমন ছিলো না। প্রধানমন্ত্রী তাদের অবস্থার উন্নয়ন করেছেন বলে উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, বর্তমান সরকার দেশের সকল নাগরিকের সুখম উন্নয়নে বিশ্বাসী। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিও সরকারের সুদৃষ্টি রয়েছে। তাদের উন্নয়নে নানা কর্মসূচি নেওয়া হয়েছে। তাদের মধ্যে উন্নয়নের ছোঁয়া লেগেছে। কাউকে পিছিয়ে রেখে নয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চান সবাই যেন উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ পায়।

বর্ণাঢ্য আয়োজনে ঢাক-মাদলের তালে নাচ-গান আর পূজা অর্চনার মধ্য দিয়ে সাঁওতাল, ওঁরাও, মুন্ডা, পাহান, মালো, মাতোসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বিভিন্ন জাতিসত্ত্বার প্রধান ধর্মীয় ও সামাজিক উৎসব এই কারাম উৎসব উদ্‌যাপন করা হয়। এতে বিভিন্ন উপজেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ৮২টি সাংস্কৃতিক দল তাদের নিজস্ব সংস্কৃতির গানের সঙ্গে নৃত্য পরিবেশন করেন। পরে মন্ত্রী নৃত্যানুষ্ঠানে বিজয়ীদলগুলোর মাঝে পুরস্কার বিতরণ করেন।

ভুট্টু পাহানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল খালেক, উপজেলা পরিষদ চেয়ারম্যান শাহজাহান হোসেন মন্ডল, পোরশা উপজেলা নির্বাহী অফিসার মোঃ জাকির হোসেন, জাতীয় আদিবাসী পরিষদের রাজশাহী বিভাগীয় কমিটির সাংগঠনিক সম্পাদক নরেন চন্দ্র পাহান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি শামসুল আলম চৌধুরী উপস্থিত ছিলেন।

.....
তাজকিয়া/সিকান্দার/রুহুল/রোকন/হালিম/২০২২/১৮.০০ঘ.